

স্মারক নম্বর-৫৩.০৪.০০০০.২১.০০৮.২২- ২৫ ১১

তারিখঃ- ১১ আশ্বিন ১৪২৯
২৬ সেপ্টেম্বর, ২০২২

বিষয়ঃ ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটি গঠন।

সূত্রঃ (১) এমআরএ'র স্মারক নং ৫৩.০৪.০০০০.২১.০০৮.২২-১৯০৫, তারিখঃ- ২৫/০৮/২০২২।

(২) এমআরএ'র স্মারক নং ৫৩.০৪.০০০০.২১.০০৮.২২-১৯০৬, তারিখঃ- ২৫/০৮/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উল্লিখিত স্মারক মোতাবেক ইতোমধ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটি গঠন করত জেলা ওয়ারী উক্ত কমিটির ফোকাল পয়েন্ট ও যুগ্ম ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলায় কার্যরত এমআরএ'র সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা/উপযুক্ত প্রতিনিধি উক্ত কমিটির সদস্য হিসেবে প্রতি সভায় অংশগ্রহণ করবেন।

২। এক্ষণে, যে সকল জেলায় আপনার প্রতিষ্ঠানের কার্যক্রম রয়েছে সে সকল জেলার উক্ত কমিটির সদস্য হিসেবে প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা প্রয়োজনে একজন উপযুক্ত সিনিয়র কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করে তাঁর নাম, মোবাইল নম্বর, ইমেইল আইডি, প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ইত্যাদি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করে এমআরএ এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও যুগ্ম ফোকাল পয়েন্টকে অনুলিপি প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।



(মোঃ জিবুর রহমান)

পরিচালক

ফোনঃ- ৮৩৩২৫৩৮

প্রধান নির্বাহী কর্মকর্তা

সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

ই-মেইলঃ- director.lic-regu@mra.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

(১) জেলা প্রশাসক, সকল।

(২) ফোকাল পয়েন্ট ও যুগ্ম ফোকাল পয়েন্ট, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটি (সকল)।